গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
বাজেট শাখা
www.probashi.gov.bd

**বিষয়ঃ সেবা প্রদান সহজীকরণের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার উদ্ভাবনী কার্যক্রম ও উত্তম চর্চা**

**ক) মন্ত্রণালয়ের উদ্ভাবনী কার্যক্রম ও উত্তম চর্চাসমূহঃ**

| ক্রমিক নং | বিষয় | কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|
| ১. | শ্রম কল্যাণ উইং এর কর্মসম্পাদনের মাসিক রিপোর্টিং | বিদেশস্থ শ্রম কল্যাণ উইং এর মাসিক কার্যক্রম পর্যালোচনার লক্ষ্যে digital reporting system software প্রস্তুত করা হয়েছে। অচিরেই তা কার্যকর হবে। |
| ২. | সকল আন্তর্জাতিক বিমান বন্দরের কল্যাণ ডেস্কের প্রতিনিধি নিয়ে নিয়মিত মতবিনিময় সভা আয়োজন। | সেবার মান বৃদ্ধি এবং সহায়তা প্রত্যাশীদের সহায়তা প্রদান কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধির উদ্দেশ্যে এ সভার আয়োজন করা হয়। |
| ৩. | আন্তর্জাতিক বিমান বন্দরসমূহের কল্যাণ ডেস্কসমূহে অভিযোগ বক্স স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | আন্তর্জাতিক বিমান বন্দরের কল্যাণ ডেস্কসমূহে স্থাপিত অভিযোগ বক্সে সেবা গ্রহীতাদের দাখিলকৃত অভিযোগ/মতামতসমূহের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। |
| ৪. | বিদেশগামী কর্মীদের স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ ও স্বাস্থ্য তথ্য প্রদান | বিদেশগামী কর্মীদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত নীতিমালা ২০১৯ প্রণয়ন করা হয়েছে। এছাড়া প্রবাসীদের হৃদরোগ ও অসংক্রামক রোগ সম্পর্কে তথ্য দিয়ে সচেতনতা বৃদ্ধির জন্য সহজ ভাষায় তথ্যকণিকা মুদ্রণের কাজ চলমান রয়েছে। এ নীতিমালার আলোকে নির্ধারিত স্বাস্থ্য সেবা কেন্দ্রসমূহ নিয়মিত মনিটরিং ও প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। |
| ৫. | শ্রমবাজার সংরক্ষণ ও সম্প্রসারণ | বৈদেশিক শ্রমবাজার সংরক্ষণ ও সম্প্রসারণের জন্য তাজিকিস্তান, কেনিয়া, গায়েনাসহ বেশ কিছু দেশের শ্রমবাজার নিয়ে গবেষণা চলমান রয়েছে। কূটনৈতিক উদ্যোগের মাধ্যমে সম্প্রতি কম্বোডিয়ায় কর্মী প্রেরণ করা সম্ভব হচ্ছে। |
| ৬. | অভিবাসন ব্যয় হ্রাসকরণ | অভিবাসন ব্যয় হ্রাসের লক্ষ্যে বিদেশ গমনেচ্ছু কর্মী এবং আগত প্রবাসী কর্মীদের বিমান ভাড়ায় ছাড় প্রদানের জন্য বিমান বাংলাদেশ এয়ারলাইন্স-কে পত্র প্রেরণের কার্যক্রম নেয়া হয়েছে। এছাড়া কম খরচে বিশেষ পাসপোর্ট ইস্যু করার বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে আলোচনা চলছে। এছাড়াও অভিবাসন ব্যয় হ্রাসের লক্ষ্যে মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগ কর্তৃক বিমান বন্দর হতে বিদেশগামী কর্মীদের নিকট হতে তথ্য সংগ্রহরে জন্য কার্যক্রম চালু করার সিদ্ধান্ত গ্রহণ করা হচ্ছে। |
| ৭. | অনলাইনে CIP আবেদন আহবান ও প্রক্রিয়াকরণ | অনলাইনে CIP Application আহবান ও তা প্রকিয়াকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার ফলে ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে ইলেক্ট্রনিক পদ্ধতিতে এ কার্যক্রমটি পরিচালনা করা হয় এবং পুনরায় এই software টি আপগ্রেড করা হচ্ছে । এর ফলে বিশ্বের যে কোন দেশ হতে প্রবাসী কর্মীগণ অনলাইনে সিআইপি আবেদন দাখিল করার সুযোগ পাচ্ছে। |
| ৮. | মোবাইল কোর্ট পরিচালনা | গোপন সূত্রে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মন্ত্রণালয়ের মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগের তত্ত্বাবধানে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। |

| ক্রমিক নং | বিষয় | কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|
| ৯. | নির্ধারিত সময়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA), জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (NIS) বাস্তবায়ন ও রিপোর্টিং সহজীকরণ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA), জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (NIS) যথাসময়ে সহজভাবে বাস্তবায়নের লক্ষ্যে শাখা ভিত্তিক কার্যক্রমের তালিকা প্রণয়ন ও কার্যক্রম উইং ভিত্তিক মনিটরিং করা হচ্ছে। |
| ১০. | সকল সেবামূলক কার্যক্রমের মান ও গতিশীলতা উন্নতকরণ | সচিব মহোদয় প্রতি রবিবার উইং প্রধানদের সাথে মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সেবা পরিস্থিতি বিষয়ে আলোচনা করেন। |
| ১১. | অনলাইন/অফলাইন কমপ্লেইন ম্যানেজমেন্ট | অভিযোগ নিষ্পত্তির বিদ্যমান পদ্ধতির পরিবর্তে অনলাইন/অফলাইন কমপ্লেইন ম্যানেজমেন্ট কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এছাড়া প্রাপ্ত অভিযোগসমূহ মোবাইল কোর্ট-এর মাধ্যমেও নিষ্পত্তি করা হচ্ছে। |
| ১২. | বিমানবন্দরের কল্যাণ ডেস্কের সিসি ক্যামেরার সাথে মোবাইল এ্যাপস এর সংযোগ স্থাপন করা। | যে কোন সময় যে কোন স্থানে অবস্থান করে বিমানবন্দরের কল্যাণ ডেস্কের কার্যক্রম মনিটরিং করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। |

খ) জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)'র উদ্ভাবনী কার্যক্রম ও উত্তম চর্চাঃ

| ক্রমিক নং | বিষয় | কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|
| ১. | বিদেশগামী কর্মীগণের বহির্গমন ছাড়পত্র ও স্মার্ট কার্ড প্রদান কার্যক্রম বিকেন্দ্রীকরণ | ইলেক্ট্রনিক পদ্ধতিতে বিদেশগামী কর্মীগণের Finger Print সংগ্রহ করে তাদের জন্য Smart Card প্রিন্ট করে বহির্গমন ছাড়পত্র প্রদান করা হচ্ছে ফলে ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে ইলেক্ট্রনিক পদ্ধতিতে প্রদত্ত স্মার্ট কার্ডটি মেশিন রিডেবল হচ্ছে। ফলে মাঠ পর্যায়ে প্রত্যন্ত অঞ্চলের বিদেশগামী কর্মীগণের এ সংক্রান্ত সেবা প্রাপ্তি সহজ হবে। |
| ২. | বিদেশগামী কর্মীদের দোরগোড়ায় সেবা পৌছানোর উদ্দেশ্যে সারা দেশে অবস্থিত ৪২ টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসে ফিংগার প্রিন্ট কার্যক্রম বিকেন্দ্রীকরণ করা হয়েছে। | বিদেশগামী কর্মীগণের দোরগোড়ায় এ সেবা পৌছানোর মাধ্যমে সহজেই এ সেবা দেয়া সম্ভব হচ্ছে। একইসাথে জেলা অফিসের কার্যক্রমে আরও প্ররণ চঞ্চল হয়েছে। |
| ৩. | স্মার্ট কার্ড এর বহুমুখী ব্যবহার এবং বাংলাদেশ মিশনসমূহে তা পঠনযোগ্য করার জন্য মেশিনের ব্যবস্থা করা । | বিদেশ গমনকারী কর্মিগণকে প্রদত্ত স্মার্ট কার্ডটি পরবর্তীতে বহুবিধ কাজে ব্যবহার করা এবং বিদেশে বাংলাদেশ মিশনসমূহে তা পঠনযোগ্য করার জন্য মেশিন সরবরাহ করা হয়েছে। এর ফলে কোন কর্মির সংশ্লিষ্ট তথ্যাদি সহজেই পাওয়া যাবে এবং বিদেশে বাংলাদেশ মিশনসমূহে তাদের সবো প্রদানে সহায়ক হবে। |
| ৪. | বিএমইটি'র ওয়েবসাইটে ইন্টারনেটের মাধ্যমে অনলাইন ভিসা চেকিং পদ্ধতি এবং সংশ্লিষ্ট দেশের আর্থ-সামাজিক ও ভৌগলিক তথ্যাদির ব্যবস্থা | বিদেশ গমনেচ্ছু কর্মীগণের সেবা সহজীকরণের আওতায় সংযুক্ত আরব আমিরাত, কাতার, সিংগাপুর ও বাহরাইন-এ গমণকারী কর্মীগণ নিজেরাই নিজেদের ভিসা অনলাইনে যাচাই করে যেন নিশ্চিত হতে পারে সে লক্ষ্যে বিএমইটি'র ওয়েবসাইটে অনলাইন ভিসা চেকিং পদ্ধতির ব্যবস্থা করা হয়েছে। ভিসা চেকিং এর সময় এ সেবা গ্রহণকারীগণ সংশ্লিষ্ট দেশের আর্থ-সামাজিক ও ভৌগলিক তথ্যাদিও পাবেন। এর ফলে সহজেই বিদেশ গমনেচ্ছু কর্মীগণ তাদের ভিসার সঠিকতা যাচাই করতে পারবেন এবং সংশ্লিষ্ট দেশের আর্থ-সামাজিক ও ভৌগলিক তথ্যাদি পাবেন। |
| ৫. | ওয়ান স্টপ সার্ভিস প্রদান | ব্যক্তিগত ভাবে ভিসা সংগ্রহকারীগণ রিক্রুটিং এজেন্সির দ্বারস্থ না হয়ে সরাসরি সেলফ ক্যাটাগরিতে বিএমইটি'র ওয়ান স্টপ সার্ভিসের মাধ্যমে একদিনেই বহির্গমন ছাড়পত্র গ্রহণ করতে পারেন। |
| ৬. | ই-লার্নিং প্লাটফরম ফর মাইগেন্ট ওয়ার্কার | ই-লার্নিং প্লাটফরম প্রস্তুতের ফলে এ কার্যক্রমে training duration কমে যাবে। pedagogical part-এ physical visit ছাড়াই e-learning হবে। |
| ৭. | মাই বিএমইটি মোবাইল এ্যাপ | মাই বিএমইটি নামক মোবাইল এ্যাপ তৈরির বিষয়ে আলোচনা চলছে। এই এ্যাপের মাধ্যমে বিএমইটি'র অধীনস্থ জেলা ডেমো অফিস, টিটিসি, আইএমটি প্রতিটি প্রতিষ্ঠানে যাওয়ার দিক নির্দেশনা, দুরত্ব এবং কর্মকর্তাদের ফোন নম্বর, ই-মেইল ঠিকানা পাওয়া যাবে। |

গ) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড-এর উদ্ভাবনী কার্যক্রম ও উত্তম চর্চা

| ক্রমিক নং | বিষয় | কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|
| ১. | মৃত প্রবাসী কর্মীর পরিবারের অনুকূলে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক সাহায্য প্রদানে অনুসৃত ডিজিটাল কার্যক্রম পরিচালনা | মৃত প্রবাসী কর্মীর পরিবারের অনুকূলে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক প্রদত্ত সহায়তা প্রদানের জন্য Digital File Opening Software চালু করা হয়েছে। এই Software এ সাহায্য প্রাপ্তির জন্য প্রয়োজনীয় তথ্য ইনপুট করার সাথে মৃত প্রবাসী কর্মীল পরিবারের সদস্যদের আর্থিক অনুদান প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয় এবংমোবাইলে এসএমএস এর মাধ্যমে সকল তথ্য জানিয়ে দেয়া হয়।ফলে দ্রুততার সাথে সেবা প্রদান করা সম্ভব হয়। |
| ২. | প্রবাসবন্ধু কল সেন্টার | Software ভিত্তিক প্রবাসবন্ধু কল সেন্টারের (০১৭৮৪৩৩৩৩৩৩, ০১৭৯৪৩৩৩৩৩৩, ০২-৯৩৩৪৮৮৮) এর মাধ্যমে প্রবাসী কর্মী এবং তাদের পরিবারের সদস্যদের সমস্যা সমাধান। |
| ৩. | আহত, অসুস্থ এবং শারীরিকভাবে অক্ষম কর্মীদের দেশে ফেরত আনয়ন ও চিকিৎসা সহায়তা | Online system-এ আবেদনসহ প্রয়োজনীয় তথ্য দাখিলের মাধ্যমে আহত, অসুস্থ এবং শারীরিকভাবে অক্ষম কর্মীদের সম্পর্কে তথ্য সংগ্রহ ও দেশে ফেরত আনয়ন ও চিকিৎসা সহায়তা প্রদান করা হয়। |
| ৪. | প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে বিমানবন্দরে সেবা | বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে কর্মীদের নিরাপদে বিদেশ গমন ও প্রত্যাবর্তনে সহায়তা প্রদান করা হয়। |

ঘ) বোয়েসেল-এর উদ্ভাবনী কার্যক্রম ও উত্তম চর্চা

| ক্রমিক নং | বিষয় | কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|
| ১. | দক্ষিণ কোরিয়াগামী কর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থা | দক্ষিণ কোরিয়াগামী কর্মীদের জন ১ দিনের Behavior Change Motivatinal Training এবং দক্ষতা বৃদ্ধির জন্য ৩ দিন ব্যাপী ২০ ঘন্টার ভাষা প্রশিক্ষণ কোর্স চালু করা হয়েছে। |
| ২. | অনলাইন অ্যাপলিকেশন পোর্টাল চালু | দক্ষিণ কোরিয়াগামী চাকরী প্রার্থীদের আবেদন গ্রহণ করার জন্য অনলাইন অ্যাপলিকেশন পোর্টাল চালু করা হয়েছে। |
| ৩. | বিদেশগামী কর্মীদের নিকট তথ্য প্রেরণ এবং অন্যান্য সেবা সহজীকরণ | বিদেশগামী কর্মীদের নিকট প্রয়োজনীয় তথ্য প্রেরণে এস. এম. এস গেটওয়ে সেবা চালু, ব্রাংকের মাধ্যমে সকল লেনদেন সম্পন্নকরণ, অ্যাকাউন্টিং সফটওয়্যারের মাধ্যমে আয় ব্যয়ের হিসাব নির্বাহসহ বায়োমেট্রিক এক্সেস কন্ট্রোল মেশিনের মাধ্যমে কর্মীদের হাজিরা নিশ্চিত করা হয়েছে। |
| ৪. | বোয়েসেলের কার্যক্রম নিশ্চিতকরণ ও নিয়োগ সংক্রান্ত তথ্য প্রাপ্তি সহজীকরণ | বোয়েসেলের কার্যক্রম অটোমেশন নিশ্চিত করার জন্য ব্যাকআপসহ ৪টি সার্ভার স্থাপন করা হয়েছে এবং বৈদেশিক নিয়োগ সংক্রান্ত তথ্য জানার জন্য মোবাইল অ্যাপস চালু করা হয়েছে। |
| ৫. | ওয়ান স্টপ সার্ভিস সেন্টার স্থাপন | দক্ষিণ কোরিয়াগামী কর্মীদের জন্য ওয়ান স্টপ সার্ভিস সেন্টার স্থাপন করা হয়েছে। |
| ৬. | দুর্নীতি রোধ ও স্বচ্ছতা বৃদ্ধি | দুর্নীতির প্রভাবমুক্ত ও স্বচ্ছতা নিশ্চিত করতে সিসিটিভির মাধ্যমে মনিটরিং এবং অভিযোগ বক্স স্থাপন এবং এ বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপন করা হয়েছে। |

ঙ) প্রবাসী কল্যাণ ব্যাংক-এর উদ্ভাবনী কার্যক্রম ও উত্তম চর্চাঃ

| ক্রমিক নং | বিষয় | কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|
| ১. | প্রবাসী কল্যাণ ব্যাংকের ইনোভেশন টীমের তত্ত্বাবধানে অনলাইনে অভিবাসন ঋণ আবেদন গ্রহণ ও ঋণ বিতরনের জন্য "পিকেবি অভিবাসন ঋণ অটোমেশন" শিরোনামে একটি কর্মসূচি গ্রহণ করা হয়েছে। | "পিকেবি অভিবাসন ঋণ অটোমেশন" প্রক্রিয়ায় গ্রহকগণ আরো সহজে এবং দ্রুততার সাথে ঋণ সেবা গ্রহণ করতে পারবেন। প্রক্রিয়াটি চালু করার নিমিত্ত প্রস্তুতিমূলক কার্যক্রম চলমান রয়েছে। |